

ঘূর্ণিঝড় মোখা: সোমবারের সব বোর্ডের এসএসসি পরীক্ষা স্থগিত

নিজস্ব বার্তা পরিবেশক

: রোববার, ১৪ মে ২০২৩



ঘূর্ণিঝড় ‘মোখা’র কারণে আগামী সোমবার সব বোর্ডের এসএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত করেছে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি। এর আগে শনিবার শুধু ছয় বোর্ডের সোমবারের পরীক্ষা স্থগিত করা হয়েছিল।

রোববার ঢাকা শিক্ষাবোর্ডের চেয়ারম্যান ও আন্তঃশিক্ষা বোর্ডের সমন্বয়ক অধ্যাপক তপন কুমার সরকার স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, অতি প্রবল ঘূর্ণিঝড় ‘মোখা’র কারণে কুমিল্লা, চট্টগ্রাম, বরিশাল, ঘোর, মান্দাসা ও কারিগরি বোর্ডে ১৪ ও ১৫ মে এসএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত করা হয়েছে। তবে সোমবারের পরীক্ষায় সব বোর্ডের প্রশ্নপত্র অভিন্ন হওয়ায় ওই তারিখে সব বোর্ডের পরীক্ষা স্থগিত করা হলো।

এতে আরও বলা হয়েছে, স্থগিত হওয়া পরীক্ষার সময়সূচি বিজ্ঞপ্তির মাধ্যমে পরে জানিয়ে দেওয়া হবে। তবে ১৬ মে থেকে যথারীতি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

রুটিন অনুযায়ী, সোমবার এসএসসিতে গার্হস্থ বিজ্ঞান, কৃষি শিক্ষা, সঙ্গীত, আরবি, সংস্কৃত, পালি, শারীরিক শিক্ষা ও ক্রীড়া, চারু ও কারুকলা বিষয়ের তত্ত্বীয় পরীক্ষা হওয়ার কথা ছিল।